



জাতীয় নির্বাচনে ১২৫ আসনে প্রথম দফায় এনসিপির প্রার্থী ঘোষণা



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) তাদের প্রার্থীদের প্রথম পর্বের তালিকা প্রকাশ করেছে। মোট ১২৫টি নির্বাচনী এলাকায় প্রার্থী চূড়ান্ত করে বুধবার (১০ ডিসেম্বর) রাজধানীর বাংলামোটরের দলীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ ব্রিফিংয়ে এ ঘোষণা দেন সদস্যসচিব আখতার হোসেন।

নতুন ঘোষণায় দেখা যায়—ঢাকা-১১ থেকে নাহিদ ইসলাম, ঢাকা-১৮ আসনে নাসীরুদ্দীন পাটওয়ারী, ঢাকা-৯—এ তাসনিম জারা, রংপুর-৪—এ আখতার হোসেন, পঞ্চগড়-১—এ সার্জিস আলম, কুমিল্লা-৪—এ হাসনাত আবদুল্লাহ, নোয়াখালী-৬—এ আব্দুল হান্নান মাসউদ এবং নরসিংদী-২—এ সারোয়ার তুষার মনোনয়ন পেয়েছেন।

সংবাদ সম্মেলনে নির্বাচন পরিচালনা কমিটির প্রধান নাসীরুদ্দীন পাটওয়ারী জানান—গণভোটে এনসিপির পক্ষে জনসমর্থন নিশ্চিত করতে সর্বস্তরের নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে প্রচারণায় নামতে হবে। তার ভাষায়, যে কেউ দুর্নীতি বা সন্ত্রাসী কার্যকলাপের সঙ্গে যুক্ত প্রমাণিত হলে, দল তাকে মনোনয়ন দিয়েও প্রত্যাহার করে নেবে।

তিনি আরও জানান, বিএনপি-জামায়াতের বিদ্রোহী প্রার্থী হলেও যারা সংস্কারের পক্ষে অবস্থান নেবে, যোগ্যতা বিবেচনায় তাদের এনসিপির দ্বিতীয় ধাপের তালিকায় অন্তর্ভুক্ত করা হতে পারে। শিগগিরই সেই তালিকাও প্রকাশ করা হবে।